

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫৬  
উদয়পুর, ১৪ মে, ২০২৪

কাকড়াবনে চড়ক মেলা ও গাজন উৎসব

কাকড়াবনের মেলাঘর টিলায় গতকাল দুইদিন ব্যাপী চড়ক মেলা ও গাজন উৎসব শুরু হয়েছে। উৎসবের উদ্বোধন করেন উদয়পুরের অতিরিক্ত মহকুমা শাসক সুরত দাস। তিনি মেলার উদ্বোধন করে বলেন, চড়ক ও গাজন উৎসব আমাদের একটি ঐতিহ্যবাহী উৎসব। এই উৎসব উৎযাপনের মধ্য দিয়ে লোক সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে হবে। সংস্কৃতি চর্চার মধ্য দিয়ে মানুষের মধ্যে ঐক্য আরও সুদৃঢ় হয়। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন কাঁকড়াবন ব্লকের বিডিও অনিন্দ্য দত্ত মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা। সভাপতিত্ব করেন চড়ক মেলা কমিটির সভাপতি ব্রজেন্দ্র দাস। অনুষ্ঠান উপলক্ষে আয়োজন করা হয় দুইদিনব্যাপী মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের।

\*\*\*\*\*